

বাংলাদেশ ব্যাংক

ওয়েবসাইট : www.bb.org.bd

প্রধান কার্যালয়

ডাক বাস্তু নং-৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৩

তারিখ : শ্রাবণ ১৯, ১৪২১ বঙ্গাব্দ
আগস্ট ০৩, ২০১৪ খ্রীষ্টাব্দ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক কোম্পানী

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক ওয়েব পোর্টালের মাধ্যমে বৃহদাংক ঋণের বিবরণী (ফরম 'এল') দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনের ১২-০৩-২০১৩ তারিখের ডিওএস সার্কুলার নং- ০১/২০১৩ এবং Single Borrower Exposure Limit সংক্রান্ত ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৬-০১-২০১৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০২/২০১৪ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২। ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনের উপর্যুক্ত সার্কুলারের মাধ্যমে তফসিলী ব্যাংকসমূহকে তাদের বৃহদাংক ঋণের বিবরণী (ফরম 'এল') মাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক ওয়েব পোর্টালের মাধ্যমে দাখিলের জন্য এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের উল্লিখিত সার্কুলারের মাধ্যমে 'Non-Conforming Exposure' সম্পর্কিত তথ্য রিপোর্ট করার জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে বিদ্যমান ফরম 'এল' এর ০২(দুই) টি Template এর প্রয়োজনীয় পরিবর্তন/সংশোধনকরতঃ ০৩(তিন)টি Template এ রূপান্তর এবং 'Non-Conforming Exposure' নামে একটি নতুন Template সংযুক্ত করা হ'ল।

০৩। তফসিলী ব্যাংকসমূহকে তাদের প্রতি মাসের বৃহদাংক ঋণের বিবরণী (ফরম 'এল') এর Soft Copy সংশোধিত ফরম্যাট অনুযায়ী সংশ্লিষ্ট মাস অন্তে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংক ওয়েব পোর্টালের মাধ্যমে দাখিল করতে হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উক্ত বিবরণী ও পরিচালনা পর্ষদের কার্যবিবরণীর Hard Copy এবং সিআইবি প্রতিবেদন(ঋণ অনুমোদনের তারিখ হতে ৬০ দিনের অধিক পুরাতন নয়) এর Soft Copy(CD আকারে) প্রয়োজনীয় ফরওয়ার্ডিংসহ ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

০৪। শূন্য বিবরণীর ক্ষেত্রে ফরম 'এল' এর Loan Overview of the Bank এবং Template for Sectorwise Loan & Large Loan Concentration সংক্রান্ত Template দু'টি আবশ্যিকভাবে দাখিল করতে হবে।

০৫। এ ব্যবস্থা অবিলম্বে কার্যকর হবে এবং ডিওএস সার্কুলার নং-০১/২০১৩ এর সাথে প্রদত্ত ছকসমূহ সংশোধিত বলে গণ্য হবে।

০৬। এ সংক্রান্ত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি : ফরম 'এল'।

আপনাদের বিশ্বস্ত,



(অসীম কুমার মজুমদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১